COAST Trust

# সমৃদ্ধি বার্তা

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন(পিকেএসএফ) এর সহায়তায় ও কোস্ট ট্রাস্ট পরিচালিত কুতুবদিয়া উপজেলার উত্তরধূরুং ইউনিয়নে **সমৃদ্ধি**

৫মবর্ষ, ৫৩ তম সংখ্যা জুন '২০২০

কোস্টট্রাস্ট এরআয়োজনেকুতুবদিয়া উপজেলায় পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন(পিকেএস এফ)এর সহায়তায় ২০১৯ সালে এস এস সি পরীক্ষায় ৩৫জন কৃতিশিক্ষাথীদের শিক্ষাবৃত্তি প্রদান করেছেন ।



কুতুবদিয়া উপজেলায় হত দরিদ্র

কোস্ট ট্রাস্ট এর উদ্যোগে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকে এস এফ)এর সহায়তায়কক্সবাজার জেলার কুতুবদিয়া উপজেলায় ২০১৯ সালের এস এস সি পরীক্ষায় কৃতি শিক্ষাথীদের মাঝে শিক্ষাবৃত্তির চেক বিতরণ করা হয়েছেগত ২৫জুন ২০২০ সকাল ১১ টায় উপজেলা পরিষদ মিলনায়তনে উপজেলা নির্বাহী কর্মকর্তা জিয়াউল হকমীরএরসভাপতিত্বেউক্তসভাঅনুষ্ঠিতহয়উক্তঅনুষ্ঠানেপ্রধানঅতিথি ছিলেন এ্যাডভোকেট ফরিদুল ইসলাম চৌধুরী চেয়ারম্যান উপজেলা পরিষদ ,বিশেষ অতিথি ছিলেন মুহাম্মদ হেলাল চৌধুরী সহকারি কমিশনার ভুমি ইউপি চেয়ারম্যান আসম শাহরিয়ারচৌধুরী ,রজবআলী মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,আংরঞ্জজেব মাতবর সভাপতি উপজেলা আওয়ামি লীগ , ,মাওলানা আবুমুছা অধ্যক্ষ সমদিয়া আলিম মাদ্রাসা ,নেজাম উদ্দিন সহকারি প্রধান শিক্ষক ধুরুং আদর্শ স্কুল এন্ড কলেজ উক্ত অনুষ্ঠানে ৩৫ জন কৃতিশিক্ষাথীকে ১২০০০/-বার হাজার টাকা করে ৪ লক্ষ বিশ হাজার টাকার চেক বিতরণ করা হয় । উক্ত শিক্ষাথীদের মধ্যে ছেলে ১৫ জন মেয়ে ২০ জন । হতদরিদ্র শিক্ষাথীদের একজন জান্নাতুল ফাতেমা (১৮) পিতা এনামুল হক মাতা রেহেনা বেগম তিনি বাকখালী গ্রামে বাস করেন আজ থেকে ১৩ বছর পুর্বে জান্নাতুল ফাতেমার বাবা এনামুল হক চাকুরির সন্ধানে চট্রগ্রামে যানসেখানে তিনি পোষাক কারখানায় চাকুরী পান পরবর্তিতেসেখানে তিনি বিয়ে করেন ইতিমধ্যে তার সন্তানের মা এ সংবাদ জানতে পেরে সে অন্য কাউকে বিয়ে করে চলে যান মেয়েটি তখন অসহায় হয়ে পড়েন তার দাদা নুরুল ইসলাম তার দায়িত্বভার গ্রহন করেন তিনি তার লেখাপড়া চালিয়ে যান ।জান্নাতুল ফাতেমা ও লেখাপড়ার প্রতি মনোযোগী হতে থাকেন তিনি পাশবর্তি গাউছিয়া আদর্শ দাখিল মাদ্রাসায় থেকে এ গ্রেটে দাখিল পাশ করেন,এরপর ধুরুং সমদিয়া আলীম মাদ্রাসায় বর্তমানে লেখাপড়া করছেন তার শিক্ষাথী জিবন কে আরো এগিয়ে নেওয়ার জন্য কোস্ট ট্রাস্ট তার উচ্চশিক্ষার স্বপ্ন বাস্তবায়নের জন্য তাকে ১২০০০/- শিক্ষাবৃত্তি প্রদান করেন ।শিক্ষাবৃত্তির চেক গ্রহন করে তিনি তার দাদার হাতে চেক তুলে দেন ।চেক হাতে পেয়ে অনুভুতি ব্যক্তকরতে গিয়ে তিনি বলেন তার নাতনীর লেখাপড়া তিনি যতদিন বেচেঁ থাকবেন ততদিনই চালিয়ে যাবেন ।তিনি আশাকরছেন একদিন তিনি ভাল চাকুরি পাবেন তার মুখে হাসি ফুটাবেন তার অনেকদিনেরস্বপ্নবাস্তবায়নহবে। ।



কৃতিশিক্ষাথীদের শিক্ষাবৃত্তির চেক বিতরণ অনুষ্ঠানে বক্তব্য রাখছেন জান্নতুল ফাতেমা

## সমৃদ্ধি কর্মসূচির বিশেষ সঞ্চয়ে বদলে দিয়েছে আনারকলির জীবন

আনার কলি (৩৮) স্বামী:নুরুজ্জামান (৪৫)গ্রাম:সতরউদ্দিন ৫ নং ওয়ার্ড কোস্ট ট্রাস্ট সমৃদ্ধি কর্মসূচি বাস্তবায়িত উত্তর ধুরুং ইউনিয়নের বাসিন্দা তার পরিবারে ৩ মেয়ে ২ ছেলে কিন্তু ভাগ্যের পরিহাশ তার পরিবারের স্বামী ও বড় ছেলে প্রতিবন্ধী নিজস্ব ঘরের ভিটি ছাড়া কিছুই নেই তাও সাগরের কোল ঘেষে বসবাস করেন ।ইতি মধ্যে কোস্ট ট্রাস্ট সংগঠিত সাগর সমিতির সদস্যছিলেন গত ১২-০৫-২০১৬ সালে তিনি অন্তরভুক্ত হন বিশেষ সঞ্চয় কার্যক্রমে দীর্ঘ ২০ মাস ধরে জমা দিতে দিতে তার ২০,০০০ টাকা জমা হয় বিশেষ সঞ্চয়ের শর্ত অনুযাযি তিনি আরো ২০,০০০/-টাকা পান ।অন্যদিকে সংস্থার সঞ্চয়ের বাৎসরিক সুদ প্রদানের হারে তিনি আরো ৭৪৮ টাকা সংস্থা হতে সুদ পান সর্বম্োট ৪০,৭৪৮ টাকা পান তিনি পরিকল্পনা করেন এ টাকার সাথে নিজের আরো ২০,০০০/- টাকা যুক্ত করে ১ টি গাভী ক্রয় করবেন তার পরিকল্পনা অনুযায়ি তিনি ১ টি বকনা গরুক্রয় করেন ।বর্তমানে তার পরিবারে এই গাভিটি বাচ্চাদিয়েছে প্রায় ২ কেজি দুধ পাচ্ছেন তিনি পরিবারের সদস্যদেও দুধ খাওয়াচ্ছেন এবং কিছু দুধ পাশবতৃি বাড়িতে বিক্রিকরছেন ,কিন্তু দু:ভাগ্য ইতিমধ্যে তার প্রতিবন্ধি স্বামী হটাৎ পেটের ব্যাথা অনুভব করে ,তার অন্যদিকে আলসার রয়েছে এক পর্যায়ে তিনি মৃত্যুর কোলে ঢলে পড়েন ।আনার কলির বড় ছেলে প্রতিবন্ধি তাই ছোট ছেলে এখন পরিবারের হাল ধরেছেন ,আনার কলি বলেন তার অল্প অল্প করে জমানো টাকায় যে গরু কিনেছেন তার মাধ্যমে তিনি এখন পরিবার পরিচালনায় এক বড় অবলম্বন খুজে পেয়েছেন । এখন সংসার পরিচালনায় সহায়তা পাচ্ছেন ।



সমৃদ্ধি কর্মসূচির বিশেষ সঞ্চয় এর মেয়াদ পুর্ন হওয়ার পর সেই টাকায় গাভী ক্রয়করেছেন আনার কলি ছবি- মো:ফরিদ উদ্দিন

**কোস্ট ট্রাস্ট এর পরিপোষক ভাতা তার জীবণ চলার পথদেখান**

কোস্ট ট্রাস্ট প্রবীণজনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি পল্লীকর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকে এস এফ)ও সংস্থার যৌথ সহায়তায় কুতুবদিয়ার উত্তর ধূরুং ইউনিয়নে বাস্তবায়িত হচ্ছে ।ইউনিয়ন টি সাগরের কোল ঘেষে ইউনিয়নের কিছু স্থানে বেড়িবাঁধ নাজুক তাই সহজেই অতি জোয়ার,ঘুর্ণিঝড়ে পানিতে প্লাবিত হয়ে যায় ।কিন্তু বে-সরকারি উন্নয়ন সংস্থা কোস্ট ট্রাস্ট উপকুলের দরিদ্র জনগনকে প্রতিনিয়ত বিভিন্ন সহায়তা করে যাচ্ছেন এমনি একজন মাবিয়া বেগম (৬৬)স্বামীমৃত কবির আহাম্মদ মারাযান ৬ বছর পুর্বে পেশায় দিন মজুর ছিলেন ।পরিবারে ছেলে মেয়ে নেই দু চোখ ভরে আনন্দ নেওয়ার কেই নেই তার তিনি নি:সন্তান কিন্তু অন্যদের ছেলেমেয়েরাই তার চোখে হাসি ফুটিয়ে তোলে ।স্বামী মারা যাওয়ার পর দুই চোখ অন্দকার কিভাবে বাকী জিবন কাটাবেন শুরু করেদেন জীবনের সংগ্রাম মানুষের বাড়ি বাড়ি গিয়ে কাজ করেন ,মাঝে মাঝে সাহাজ্য সহযোগিতার হাত বাড়িয়ে দেন অনেকেই কেউ কেউ ফিতরার টাকা দেন যাকাতের টাকা দেন তাকে সকলের চোখেই তিনি অসহায় ,কোস্ট ট্রাস্ট কর্মসূচি হতে পরিপোষক ভাতা প্রদানের জন্য খসড়া তালিকা তৌরি করেন সবাই এক বাক্যে তার নাম ঘোষনা করেন ১১সদস্যের সমর্থনে তার যুক্ত হয় মুখে হাসি ফুটে আসে এই বুড়ো বয়সে কিছু সবার সহয়োগিতায় পেলেন ।প্রতি মাসে ৬০০ টাকা করে পেতে থাকেন অক্টোবর'২০১৭ হতে তিনি বলেন সকলের সহায়তা ই আমাকে চালিয়ে নিয়ে যায় ।এই বুড়ো বয়সে অসুখ বিসুখ হলে আমাকে কে ওষধ কিনে দিবেন এই পরিপোষক ভাতার টাকায় আমার ওষধ কিনতে হয় ।আবার বেচে থাকার স্বপ্ন ও দেখতে হয় ।এ রকম অনেকের জন্যই রয়েছে কোস্ট ট্রাস্টেও এ কার্যক্রম ।



**আজিম উদ্দিন সিকদার পাড়ায় গ্রমের মাবিয়াবেগমের বাড়ির সামনে থেকে তোলা ছবি ।**

**এক নজরে জুন '২০২০ মাসের অর্জন সমূহ**

| ক্রম নং | কাজের নাম | লক্ষ্যমাত্রা | অর্জন |
|---|---|---|---|
| ১ | খানা পরিদর্শন | ৫৪৫২ | ৫৪৩৬ |
| ২ | শিক্ষা সহায়তা কেন্দ্র | ৪৫ | ৪৫ |
| ৩ | স্যাটেলাইট ক্লিনিক | ৪ | ৪ |
| ৪ | স্যাটেলাইটক্লিনিকেরমাধ্যমেস্বাস্থ্য সেবাগ্রহনকারীর সংখ্যা | ১০০ | ৯৯ |
| ৫ | স্ট্যাটিক ক্লিনিক | ৩২ | ১৯ |
| ৬ | স্ট্যাটিক ক্লিনিকে স্বাস্থ্য সেবাগ্রহনকারীর সংখ্যা | ২৮০ | ১২২ |
| ৭ | স্বাস্থ্য সচেতনেতা মূলক সভা (উঠান বৈঠক) | ৪৪ | ৪০ |
| ৮ | স্বাস্থ্য সেবা কার্ড | ২৬৫ | ১৩১ |
| ৯ | ডায়াবেটিক পরিক্ষা | ৫৫ | ১৩ |
| ১০ | অভিভাবক সভা | ৪৫ | - |
| ১১ | ওয়ার্ড উন্নয়ন সমন্বয় সভা | ৯ | ৮ |
| ১২ | যুব উন্নয়ন সমন্বয় সভা | - | - |
| ১৩ | কৃমিনাশক ট্যাবলেট | ১০০০ | ৭০৬ |
| ১৪ | আয়রণ ও ফলিক এসিড | ৩৪৬৫ | ৬৯০ |
| ১৫ | ক্যালসিয়াম | ১০০০ | ৯৫০ |
| ১৬ | মৃতের সৎকার | ৫ জন | ০ |
| ১৭ | ওয়ার্ডসমন্বয়সভা(প্রবীণজনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি) | ৯ | ৫ |
| ১৮ | ইউনিয়ন সমন্বয় সভা(প্রবীন ) | ১ | - |
| ১৯ | পুস্টিকনা বিতরন করা হয়েছে | ১৬৫প্যাকেট | ১৫০ প্যাকেট |
| ২০ | গভীর নলক্কপ স্থাপন | - | - |
| ২১ | আইজিএ প্রশিক্ষণ | ১ ব্যাচ | - |
| ২২ | ইউনিয়ন ভিত্তিক বার্ষিক ক্রিয়া প্রতিযোগিতা | ১ | ১ |
| ২৩ | বয়স্ক ভাতা বিতরণ | ৯৩ জন | ৯৩ জন |
| ২৪ | বিশেষ চক্ষু ক্যাম্প (ছানি অপারেশন) | - | - |
| ২৫ | প্রবিণ সম্মাননা ও আর্থিক সহায়তা প্রদান | ১ | - |
| ২৬ | নবীন সম্মাননা ও আর্থিক সহায়তা প্রদান | ১ | - |
| ২৭ | স্যাটেলাইট ক্লিনিক(প্রবীণ) হতে সেবা গ্রহন | ২৫ | |
| ২৮ | ইউনিয়ন যুব সমন্বয় সভা | ১ | - |
| ২৯ | ইউনিয়ন সমন্বয় সভা | ১ | - |

প্রকাশনা তৈরিতে যারা তথ্য দিয়ে সহায়তা করেছেন সমৃদ্ধি কর্মসূচি ও ধুরুং শাখার সকল সহকমী গন তথ্য দিয়ে সহযোগিতার জন্য আপনাদের ধন্যবাদ আরো তথ্যে প্রদানে আপনাদের উৎসাহিত করা হচ্ছে আমাদের সাথে যোগাযোগ করুন সমৃদ্ধি টিমের পক্ষে ।

মো: ফজলুল হক
কর্মসূচি সমন্বয়কারী
মোবাইল- ০১৭১৩-৩৬৭৪৪৪
কর্মসূচি বাস্তবায়ন কার্যালয়- ১নং উত্তর ধুরুং ইউনিয়ন পরিষদ ,৩য় তলা , কুতুবদিয়া, কক্সবাজার।
fazlu@coastbd.net, web- www.coastbd.net

**COAST Has Special Consultative Status With UN ECOSOC**